

১নং ইসলামপুর ইউনিয়ন পরিষদ

উপজেলাঃ ছাতক, জেলাঃ সুনামগঞ্জ।

E-mail: Islampurup11@gmail.com, Web portal: islampur_sunamganj.gov.bd

স্মারক নং ফা: ০৬/২০১৮/

তারিখ: ২১/০১/২০১৮ ইং

ইউপি চোরাচালান প্রতিরোধ কমিটির সভার কার্য বিবরণী

২১/০১/২০১৮ ইং রোজ রবিবার দুপুর ১২.০০ ঘটিকায় ইসলামপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন হলরুমে ইউপি চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ইউপি চেয়ারম্যান মো: আব্দুল হেকিম।

সভায় উপস্থিতির নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মো: ইউনুছ আলী	ইউপি সদস্য	১ নং ওয়ার্ড
২। জনাব মো: লাল মিয়া	" "	২ " "
৩। জনাব মো: আব্দুল হাই	" "	৩ " "
৪। জনাব মো: শহীদ মিয়া	" "	৫ " "
৫। জনাব মো: হোসন আহমদ	" "	৪ " "
৬। জনাব মো: সুনু মিয়া	" "	৬ " "
৭। জনাব শেখ মো: রহিম উদ্দিন	" "	৭ " "
৮। জনাব মো: আনোয়ার পাশা	" "	৮ " "
৯। জনাব মো: রফিক মিয়া	" "	৯ " "
১০। জনাব মোছা: হেলিমা বেগম	" "	১,২ ও ৩ " "
১১। জনাব প্রিয়নালা দাস	" "	৪,৫ ও ৬ " "
১২। জনাব রংমালা বেগম	" "	৭,৮ ও ৯ " "
১৩। জনাব মিজানুর রহমান	হাবিলদার বিজিবি নোয়াকুট ক্যাম্প	

সভাপতি সাহেব উপস্থিত সকলের সহিত সালাম ও শুভেচ্ছা বিনিময়ের পর সভার কাজ শুরু করেন।

১। সভাপতি সাহেব সীমান্তবর্তী এলাকার চোরাচালান পরিস্থিতি নিয়ে বক্তব্য রাখার জন্য বিজিবি নোয়াকুট ক্যাম্পের হাবিলদার মিজানুর রহমান সাহেবকে আহ্বান জানান। বিজিবি প্রতিনিধি তাঁর বক্তব্যে বলেন, গত ডিসেম্বর/১৭ ইং মাসে বিজিবি সদস্যরা সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে চোরাচালান সংক্রান্ত কোন দ্রব্য পাওয়া যায় নাই। সীমান্তে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল বলে তিনি সভাকে অবহিত করেন।

১নং ইসলামপুর ইউনিয়ন পরিষদ

উপজেলাঃ ছাতক, জেলাঃ সুনামগঞ্জ।

E-mail: Islampur11@gmail.com, Web portal: islampur_sunamganj.gov.bd

২। ইউপি সদস্য জনাব মোছাঃ হেলিমা বেগম (সংরক্ষিত ১,২,৩ নং ওয়ার্ড) বলেন, সীমান্তবর্তী এলাকায় চোরাচালান প্রতিরোধে বিজিবির সাথে এলাকার সচেতন মহলের সমন্বয়ে সম্মিলিত প্রচেষ্টায় সক্রিয় প্রতিরোধ গড়ে তোলা সম্ভব। সামাজিক অবক্ষয় রোধকল্পে সকলকে সক্রিয় ভাবে কাজ করার আহবান জানান এবং সভা সমাবেশের মাধ্যমে বিজিবি, ইউপি, জিও, এনজিও, শিক্ষক, অভিভাবক, মিডিয়া, ছাত্র-ছাত্রী, সচেতন নাগরিক সমাজের সমন্বয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকরী আলোচনার জন্য আহবান জানান।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে চোরাকারবান্দীদের গ্রেফতারের ব্যাপারে বিজিবি সদস্যদেরকে আরো সক্রিয় এবং সতর্ক দৃষ্টি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৩। সীমান্তবর্তী এলাকায় চোরাচালান সংক্রান্ত কোন কিছু আটক/ধৃত না হওয়ায় বিজিবি সদস্যবৃন্দ ও সীমান্তবর্তী এলাকার সকলকে সভাপতি সাহেব ধন্যবাদ জ্ঞাপন করেন। চোরাচালান প্রতিরোধে সকলের সম্মিলিত প্রচেষ্টার ফলে সীমান্তবর্তী এলাকায় চোরাচালান ও আইন শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল থাকায় সন্তোষ প্রকাশ করেন। এর ধারাবাহিকতা বজায় রাখার জন্য সকলের প্রতি আহবান জানান।

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্ব কসভার সমাপ্তি ঘোষণা করেন।

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:-

- ১। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, ছাতক, সুনামগঞ্জ।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাতক থানা।
- ৩। ক্যাম্প কমান্ডার বিজিবি নোয়াকুট ক্যাম্প, ছাতক।
- ৪। সংশ্লিষ্ট নথি।

সমাপ্ত